দৈনিক সংবাদ

4

তারিখ ... NOV -1 1999 ... ৪ ... ৪

মতামতের জন্য

## উচ্চ মাধ্যমিক পর্যায়ে গ্রন্থাগার বিজ্ঞান চাই

গ্রন্থ ও গ্রন্থাগারের ইতিহাস অতি প্রাচীন। "গ্রন্থাগার বিজ্ঞান" বিষয়টিও সুপ্রাচীন। এই তথ্য বিস্ফোরণের যুগে "গ্রন্থাগার বিজ্ঞান"-এর সাথে 'তথ্য' শব্দটিও যুক্ত হয়ে "গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান" নাম হয়েছে। গ্রন্থাগারে এখন আর শুধু বই-ই শোভা পায় না, শিক্ষার জন্য তথ্য যাতে ধারণ করা হয় তার সবই গ্রন্থাগারে সংগ্রহ এবং সংরক্ষিত হয়। সে কারণে গ্রন্থাগার শব্দটির সাথে এখন গ্রন্থাগার ও জাদুঘর (Library and Museum) সংযোজিত হয়েছে। গ্রন্থাগারে এখন লাখ লাখ বইয়ের সাথে অডিও ভিজুয়াল সামগ্রী, প্রত্নতাত্ত্বিক নিদর্শন সংগৃহীত ও সংরক্ষিত হচ্ছে। গ্রন্থাগার এবং তথ্য বিজ্ঞানীদের গবেষণালব্ধ জ্ঞান, তত্ত্ব ও তথ্যের আলোকে এই বিষয়টি আন্তর্জাতিকভাবে স্বীকৃত এবং সমর্থিত। দেশ ও বিদেশে এই বিষয়ের উপর ডক্টরেট ডিগ্রি দেয়া হয়। তথ্যসম্বলিত সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ এবং বিতরণের নিয়ম-পদ্ধতি ও কলাকৌশল সম্পর্কে অবহিত হওয়ার জন্য এ বিষয়টি অধ্যয়ন করা অত্যাবশ্যক। সঠিক ও সুষ্ঠুভাবে তথ্য সংরক্ষণ ও বিতরণ না হলে সভ্যতার বিকাশ সম্ভব নয়। কিন্তু আমাদের দেশে এ বিষয়টির গুরুত্ব সম্পর্কে অনেক লেখাপড়া জানা লোকই অজ্ঞাত। দেশের বেকার সমস্যা সমাধানের জন্য এবং বিদেশে এ বিষয়ে ডিগ্রিধারী এবং অভিজ্ঞ লোকদের পাঠানোর জন্য বিষয়টির চাহিদা অত্যধিক। আমাদের দেশের অধিকাংশ কলেজে লাইব্রেরিয়ানের পদ খালি। যেকোন সংস্থা/ প্রতিষ্ঠানে এ বিষয়ের লোক চাইলে অতি নগণ্য সংখ্যায় আবেদনপত্র পাওয়া যায়। শুধু ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এ বিষয়ে মাস্টার্স ডিগ্রি দেয়া হয়। বাংলাদেশ ল্যাব দীর্ঘদিন ধরে এ বিষয়ে সার্টিফিকেট কোর্স ও ডিপ্লোমা এবং বেলিড জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তিতে ডিপ্লোমা ডিগ্রি দিয়ে থাকে। জাতীয় বিশ্ববিদ্যালয় ডিগ্রি পর্যায়ে এ বিষয়টি অন্তর্ভুক্ত করেছে। কিন্তু আজও উচ্চ মাধ্যমিক পর্যায়ে এই বিষয়টি বোর্ডের অন্তর্ভুক্তি হলে প্রচুর শিক্ষার্থী এ বিষয়ে পড়াশোনা করবে এবং পড়াশোনা শেষে শুধু দেশে নয়, বিদেশেও লেখাপড়া এবং বিভিন্ন ধরনের গ্রন্থাগারে কর্মসংস্থানের সুযোগ পাবে।

সুতরাং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এবং অন্যান্য বোর্ড কর্তৃপক্ষকে যুগের চাহিদানুসারে অত্যন্ত গুরুত্বপূর্ণ "গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান" বিষয়টি উচ্চ মাধ্যমিক পর্যায়ে আগামী শতাব্দীর প্রথম শিক্ষাবর্ষ থেকে পাঠ্যসূচির অন্তর্ভুক্তি করতে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

মুহম্মদ আখতারুজ্জামান
অধ্যক্ষ ডাঃ সেকান্দার আলী কলেজ
শেরপুর টাউন, শেরপুর